গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয় , পঞ্চগড়

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে পঞ্চগড় জেলায় নিরাপদ খাদ্য অফিসার ২৫-১০-২০২০ইং তারিখে যোগদান করেন। ইতোমধ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জেলা কার্যালয়, পঞ্চগড় এর চুক্তিভিত্তিক ভাড়ায় নগরীর কায়েত পাড়া এলাকায় কার্যালয় স্থাপনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। মুজিববর্ষকে সামনে রেখে পঞ্চগড় এ কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খাদ্যের নিরাপদতা শীর্ষক উপজেলা পর্যায়ে ০৩টি সেমিনার, ১টি ক্যারাভান রোড শো এর আয়োজন করা হয়েছে। এছাড়াও পাবলিক মিটিং, ভিডিও প্রদর্শন, মাইকিং, লিফলেট ও প্যাম্পলেট বিতরণ ইত্যাদি প্রচারমূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। বিএফএসএ পঞ্চগড় জেলা কার্যালয় হতে ২০২০-২০২১ অর্থবছরে ৫২জন (০২ জন অনলাইন জুম প্ল্যাটফর্মে) খাদ্যকর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। খাদ্য পণ্যের গুণগতমান ও নিরাপদতা নিশ্চিতকরণের জন্য ২০২০-২১ অর্থবছরে ১০টি খাদ্য নমুনা পরীক্ষা করার জন্য বিভিন্ন পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে জেলা কার্যালয় পঞ্চগড় থেকে শিক্ষার্থীদের মধ্যে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পঞ্চগড় জেলার ২ টি শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতা মূলক সেমিনার সম্পন্ন হয়েছে। এছাড়া ২০২১-২২ অর্থ বছরে জেলা ও উপজেলা পর্যায়ে ০১টি করে মোট ০২টি নিরাপদ খাদ্যের আইন, বিধি, প্রবিধিমালা শীর্ষক সেমিনার সম্পন্ন হয়েছে। খাদ্য পণ্যের গুণগতমান ও নিরাপদতা নিশ্চিতকরণের জন্য ২০২১-২২ অর্থবছরে ১০টি খাদ্য নমুনা পরীক্ষা করার জন্য বিভিন্ন পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে। এছাড়াও ২০২১-২২ অর্থবছরে ১২০ জন খাদ্য ব্যবসায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরে জনপ্রতিনিধিদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ে ০৩টি সেমিনার, শিক্ষার্থীদের মধ্যে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পঞ্চগড় জেলার ০৪ টি শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতা মূলক সেমিনার, গৃহিণীদের নিয়ে নিরাপদ নিরাপদ খাদ্য বিষয়ে ০২ টি উঠান বৈঠক, ৬০ জন খাদ্যকর্মীদের নিরাপদ খাদ্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান, ৪০ জন গুড় ব্যবসায়ীকে নিরাপদ গুড় উৎপাদনে প্রশিক্ষণ প্রদান, খাদ্যে ভেজাল রোধে ১২ টি নুমনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে। নিরাপদ খাদ্য বিষয়ে জনগণের অভিযোগ ও পরামর্শ গ্রহণের জন্য হটলাইন সেবা ১৬১৫৫ এ প্রাপ্ত অভিযোগের তদন্ত ও পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

২০২৬ সালের মধ্যে খাদ্যের নিরাপদতা রক্ষায় সংশ্লিষ্ট জনবলের দক্ষতা উন্নয়ন, ২০২৮ সালের মধ্যে খাদ্যে ভেজাল ও দূষণ নিরসনে আন্তঃসংস্থা সমন্বয়ের মাধ্যমে প্রতিরোধ ও প্রতিকারমূলক নিরাপদ খাদ্যব্যবস্থাপনা বাস্তবায়ন। ২০৩০ সালের মধ্যে ঝুঁকিভিত্তিক খাদ্যপরিদর্শন, ফুড টেস্টিং ল্যাবরেটরিসমূহের অ্যাক্রেডিটেশন অর্জন এবং নিরাপদ খাদ্যব্যবস্থাপনা বাস্তবায়নে উৎকৃষ্ট পদ্ধতিসমূহ প্রয়োগ ও প্রবর্তন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

২০৩০ সালের মধ্যে ঝুঁকিভিত্তিক খাদ্যপরিদর্শন, পরিবীক্ষণ ব্যবস্থা চালু করা, খাদ্য পরিদর্শন ও পরীবিক্ষণ ব্যবস্থায় মোবাইল ল্যাবরেটরির সেবা চালুর মাধ্যমে প্রাথমিকভাবে খাদ্যের বিপত্তি চিহ্নিত করা এবং ঝুঁকি নিরুপণ করা।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে ৫০ জন খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান।
- নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে ২টি সচেতনতামূলক উঠান বৈঠক আয়োজন।
- নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে ২ টি সচেতনতামূলক সেমিনার আয়োজন।
- জেলাব্যাপী ৮০ টি খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন।
- ০৩ টি খাদ্যশিল্প পরিদর্শন।
- ০২ টি খামার বা হ্যাচারি বা চা কারখানা পরিদর্শন।
- ০১ টি হিমাগার পরিদর্শন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয় , পঞ্চগড়

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় সকলের জন্য নিরাপদ খাদ্য।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে জড়িত সংশ্লিষ্ট সকল সংস্থা, খাদ্যশিল্প ও খাদ্য ব্যবসায়ী এবং সুশীল সমাজের সহযোগিতায় যথাযথ বিজ্ঞানভিত্তিক বিধি-বিধান তৈরি ও কার্যকর প্রয়োগ এবং খাদ্য শৃঙ্খল পরিবীক্ষণ ও ব্যবস্থাপনার সাথে নিয়োজিত সংস্থাসমূহের কার্যক্রম ফলপ্রসূভাবে সমন্বয়ের মাধ্যমে জীবন ও স্বাস্থ্য সুরক্ষা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. খাদ্য বিষয়ক নীতিমালা বাস্তবায়ন ও নিরাপদ খাদ্য সংক্রান্ত তথ্য প্রাপ্তি সহজকরণ
২. নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধি
৩. নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে প্রতিরোধমূলক কার্যক্রম

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ;
২. খাদ্য ব্যবসারক্ষেত্রে নিরাপদ খাদ্য সনদের জন্য সনদ প্রদানকারী সংস্থাসমূহকে সহযোগিতা প্রদান;
৩. খাদ্য পরীক্ষাগার এ্যাক্রেডিটেশনের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
৪. আমদানিতব্য খাদ্যদ্রব্যের মানদন্ড ও পরীক্ষণ পদ্ধতি নির্ধারণের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
৫. খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিষয়ক নীতিমালা বা বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান নীতিমালা বা বিধিমালা সংশোধন বা হালনাগাদকরণে সরকারকে প্রয়োজনীয় বৈজ্ঞানিক পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| নিরাপদ খাদ্য বিষয়ক হালনাগাদ তথ্য প্রাপ্তির সহজলভ্যতা | ওয়েবসাইট হালনাগাদকৃত | সংখ্যা | - | ৪ | ৪ | ৪ | ৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, নিরাপদ খাদ্য আইন, ২০১৩, জেলা কার্যালয় বিএফএসএ |
| নিরাপদ খাদ্য গ্রহণে সচেতন জনগোষ্ঠী | কর্মসূচির মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ে জনগণকে সচেতন ও প্রশিক্ষিত করা | সংখ্যা | ৫০০ | ৮০০ | ৮৫০ | ৯০০ | ৯৫০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাদ্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, নিরাপদ খাদ্য আইন, ২০১৩, জেলা কার্যালয় বিএফএসএ |
| খাদ্য বিপত্তি প্রশমন | খাদ্য স্থাপনা পরিবীক্ষণকৃত | % | ৪১.৫ | ৬৫ | ৭০ | ৭৫ | ৮০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাদ্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর | নিরাপদ খাদ্য আইন, ২০১৩, জেলা কার্যালয় বিএফএসএ |
| | বিপত্তিযুক্ত নমুনা | % | ২০ | ৮.৩৩ | ৫০ | ৪০ | ৩০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাদ্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, নিরাপদ খাদ্য আইন, ২০১৩, জেলা কার্যালয় বিএফএসএ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] খাদ্য বিষয়ক নীতিমালা বাস্তবায়ন ও নিরাপদ খাদ্য সংক্রান্ত তথ্য প্রাপ্তি সহজকরণ | ২৫ | [১.১] জেলার নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কমিটির সভা | [১.১.১] অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | ০২ | ০৩ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | [১.২] জেলার খাদ্যস্থাপনার তালিকা হালনাগাদকরণ | [১.২.১] হালনাগাদকৃত তালিকা | তারিখ | তারিখ | ৫ | ৩০.১২.২১ | ২৫.০৯.২২ | ৩০.০৫.২৪ | ১৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | | | |
| | | [১.৩] নিয়মিত অফিসের ওয়েবসাইট হালনাগাদকরণ | [১.৩.১] ওয়েবসাইট হালনাগাদকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [১.৪] দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে সভা | [১.৪.১] অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | ০৯ | ০৭ | ৫ | ৪ | ৩ | ২ | | ৬ | ৭ |
| | | [১.৫] জেলা খাদ্যকর্মীদের তালিকা হালনাগাদ | [১.৫.১] হালনাগাদকৃত তালিকা | তারিখ | তারিখ | ৫ | ৩০.০১.২২ | ২৫.০৯.২২ | ৩০.০৫.২৪ | ১৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [২] নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধি | ২৩ | [২.১] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার | [২.১.১] অনুষ্ঠিত কর্মসূচি/সেমিনার | সমষ্টি | সংখ্যা | ৫ | ০৪ | ০৩ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | [২.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত ব্যবসায়ী | সমষ্টি | সংখ্যা | ৫ | ১২০ | ১০০ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | ৬০ | ৭০ |
| | | [২.৩] নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক | [২.৩.১] সচেতনতামূলক বৈঠক আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৫ | ০২ | ০৩ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | [২.৪] নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা বিতরণ | [২.৪.১] বিতরণকৃত নির্দেশিকা | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১২০ | ১৩০ |
| | | [২.৫] স্কুল পর্যায়ে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার | [২.৫.১] অনুষ্ঠিত কর্মসূচি/সেমিনার | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১ | | | | | ২ | ৩ |
| | | [২.৬] কৃষকদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক অবহিতকরণ কর্মসূচি | [২.৬.১] অনুষ্ঠিত কর্মসূচি | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১ | | | | | ২ | ৩ |
| [৩] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে প্রতিরোধমূলক কার্যক্রম | ২২ | [৩.১] খাদ্যের নমুনা পরীক্ষার জন্য স্যাম্পল প্রেরণ | [৩.১.১] খাদ্যের নমুনা পরীক্ষার জন্য স্যাম্পল প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ১০ | ১২ | ১০ | ৮ | ৭ | ৬ | | ১২ | ১৫ |
| | | [৩.২] জেলাব্যাপী খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন | [৩.২.১] জেলাব্যাপী খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮৩ | ১১৩ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ১২০ | ১৫০ |
| | | [৩.৩] খাদ্য শিল্প পরিদর্শন | [৩.৩.১] খাদ্য শিল্প পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | ০৩ | ০২ | ৩ | ২ | ১ | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৪] খামার অথবা ফল বাগান অথবা চা কারখানা পরিদর্শন | [৩.৪.১] পরিদর্শনকৃত খামাড় , ফল বাগান ও কারখানা পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | ০৩ | ০২ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | [৩.৫] হিমাগার পরিদর্শন | [৩.৫.১] পরিদর্শনকৃত হিমাগার | সমষ্টি | সংখ্যা | ২ | ০১ | ০১ | ১ | | | | | ২ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয় , পঞ্চগড়, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ হিসাবে নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয় , পঞ্চগড়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২০-০৬-২০২৩

নিরাপদ খাদ্য অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয় ,
পঞ্চগড়

তারিখ

২০/০৬/২০২৩

চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইপিএইচ | ইন্সটিটিউট অব পাবলিক হেলথ |
| ২ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন |
| ৩ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |
| ৪ | এমওইউ | মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যাডিং |
| ৫ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব ষ্ট্যাটিসটিকস্ |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] জেলার নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কমিটির সভা | [১.১.১] অনুষ্ঠিত সভা | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | সভার কার্যবিবরণী |
| [১.২] জেলার খাদ্যস্থাপনার তালিকা হালনাগাদকরণ | [১.২.১] হালনাগাদকৃত তালিকা | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | হালনাগাদকৃত তালিকা |
| [১.৩] নিয়মিত অফিসের ওয়েবসাইট হালনাগাদকরণ | [১.৩.১] ওয়েবসাইট হালনাগাদকৃত | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | ওয়েবসাইটে মোট কন্টেট এর তালিকা, হালনাগাদকৃত কন্টেট এর তালিকা, হালনাগাদের হার এবং হালনাগাদকৃত তথ্যের বিস্তারিত বিবরণ |
| [১.৪] দ্বায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে সভা | [১.৪.১] অনুষ্ঠিত সভা | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | সভার কার্যবিবরণী |
| [১.৫] জেলা খাদ্যকর্মীদের তালিকা হালনাগাদ | [১.৫.১] হালনাগাদকৃত তালিকা | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | হালনাগাদকৃত তালিকা |
| [২.১] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার | [২.১.১] অনুষ্ঠিত কর্মসূচি/সেমিনার | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | সভার নোটিশ, রিপোর্ট, হাজিরা ও ছবি |
| [২.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত ব্যবসায়ী | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা |
| [২.৩] নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক | [২.৩.১] সচেতনতামূলক বৈঠক আয়োজিত | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | সভার নোটিশ, হাজিরা ও ছবি |
| [২.৪] নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা বিতরণ | [২.৪.১] বিতরণকৃত নির্দেশিকা | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | নির্দেশিকা বিতরণকারীর ছবি ও নির্দেশিকা গ্রহণকারীর তথ্য |
| [২.৫] স্কুল পর্যায়ে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার | [২.৫.১] অনুষ্ঠিত কর্মসূচি/সেমিনার | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | সেমিনার বা কর্মশালার নোটিশ, রিপোর্ট, হাজিরা ও ছবি |
| [২.৬] কৃষকদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক অবহিতকরণ কর্মসূচি | [২.৬.১] অনুষ্ঠিত কর্মসূচি | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | নোটিশ, হাজিরা , প্রতিবেদন ও ছবি |
| [৩.১] খাদ্যের নমুনা পরীক্ষার জন্য স্যাম্পল প্রেরণ | [৩.১.১] খাদ্যের নমুনা পরীক্ষার জন্য স্যাম্পল প্রেরণ | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | নমুনা প্রেরনের প্রমানক |
| [৩.২] জেলাব্যাপী খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন | [৩.২.১] জেলাব্যাপী খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | মনিটরিং ও বাজার পরিদর্শনের প্রতিবেদন |
| [৩.৩] খাদ্য শিল্প পরিদর্শন | [৩.৩.১] খাদ্য শিল্প পরিদর্শন | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | পরিদর্শনের প্রতিবেদন |
| [৩.৪] খামার অথবা ফল বাগান অথবা চা কারখানা পরিদর্শন | [৩.৪.১] পরিদর্শনকৃত খামাড় , ফল বাগান ও কারখানা পরিদর্শন | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | পরিদর্শনের প্রতিবেদন |
| [৩.৫] হিমাগার পরিদর্শন | [৩.৫.১] পরিদর্শনকৃত হিমাগার | নিরাপদ খাদ্য অফিসার, পঞ্চগড় | পরিদর্শনের প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| জেলার নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় | কমিটির সভা এবং পত্রের মাধ্যমে যোগাযোগ |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার | অনুষ্ঠিত কর্মসূচি/সেমিনার | জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় | পত্রের মাধ্যমে যোগাযোগ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ